দৈনিক বাংলা

তারিখ ৩০।১।৮৯
পৃষ্ঠা ... কলাম ...

037

# রংপুরে প্রাথমিক শিক্ষকদের উপর লাঠিচার্জের নিন্দা

রাজনৈতিক দল ও ছাত্র সংস্থাসহ বিভিন্ন সংগঠন রংপুরে প্রাথমিক শিক্ষকদের উপর পুলিশের লাঠি চার্জের নিন্দা করেছে।

বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির এক বিবৃতিতে গতকাল বলা হয় যে পুলিশের হামলায় রংপুরে প্রায় শতাধীক শিক্ষক আহত হয়েছেন। বিবৃতিতে আহতদের ক্ষতিপূরণ এবং দায়ী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করা হয়।

সমিতির বিবৃতিতে রংপুরের ঘটনার প্রতিবাদে ১৬ই জানুয়ারী দেশব্যাপী প্রতিবাদ সভা এবং ঢাকায় বায়তুল মোকাররমে বিকাল তিনটায় সভা অনুষ্ঠানের কর্মসূচী ঘোষণা করা হয়।

রংপুরের ঘটনার নিন্দা এবং অবিলম্বে ধর্মঘটী প্রাথমিক শিক্ষকদের দাবী মেনে নেয়ার আহবান জানিয়ে বিবৃতি দিয়েছে গণতান্ত্রিক পার্টি, বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি, জাতীয় গণতান্ত্রিক পার্টি, বাংলাদেশ ইসলামী ছাত্র শিবির, বাংলাদেশ বিপ্লবী ছাত্র ইউনিয়ন, বাংলাদেশ ছাত্র লীগ (জালাল-আজিজ), বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ও জাতীয় ছাত্র দল।